দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 MAR 1988
পৃষ্ঠা ৮ কলাম ১

003

# কৃষি বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্রটি বেশ অবহেলিত

কৃষি বিশ্ববিদ্যালয়, ৬ মার্চ (বাকৃবি রিপোর্টার)।— বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্রটি প্রয়োজনীয় জায়গা, অব্যবস্থা, ডাক্তার ও ওষুধের অভাবে ছাত্র, শিক্ষক, কর্মচারী ও তাঁদের পৌষ্য মিলিয়ে ২০ হাজার লোক সুচিকিৎসা হতে বঞ্চিত হচ্ছে।

দেশের কৃষি শিক্ষার একমাত্র উচ্চ বিদ্যাপীঠ কৃষি বিশ্ববিদ্যালয়। একটি বাসা বাড়ীকে স্বাস্থ্য কেন্দর হিসেবে ব্যবহার করায় অপারেশন যন্ত্রপাতি, এক্সরে মেশিন ইত্যাদি থাকা সত্বেও প্রয়োজনীয় লোক ও স্থানের অভাবে ব্যবহার করা যাচ্ছে না। হেলথ সেন্টারে নামমাত্র কয়েকটি সিকবেড থাকলেও মানুষ থাকার কোনো পরিবেশ সেখানে নেই। তাছাড়া সবাস্থ্য কেন্দ্রটি ব্রহ্মপুত্র নদের ভাঙ্গনের সম্মুখীন।

৭ জন ডাক্তার ও ৩৫ জন কর্মচারী সম্বলিত কয়েক হাজার পরিবার পরিবেষ্টিত স্বাস্থ্য কেন্দ্রটিতে কোন মহিলা ডেলিভারীর ব্যবস্থা নেই। ছোটখাট রোগের চিকিৎসা ও অপর্যাপ্ত ওষুধের মান নিম্নমানের।

যে কোন চিকিৎসায় ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে যেতেও কোন এম্বুলেন্স নেই। সেখানে ছাত্রদের তেমন কোন মূল্যায়ন করা হয় না। এই নিয়ে কয়েকবার অপ্রীতিকর ঘটনা ঘটেছে। দেশের স্বার্থে কৃষিবিদদের জন্য হেলথ সেন্টারটির স্থান পরিবর্তন করে ৫০ শয্যাবিশিষ্ট একটি পূর্ণাঙ্গ হাসপাতাল, ২ জন সার্জনসহ ৬ জন নার্স নিয়োগ করা প্রয়োজন।